অঙ্কুর

স্ট্রম ফাউন্ডেশনের সহায়তায় কোস্ট ট্রাস্ট কতৃক পরিচালিত সিডস প্রকল্প কার্যক্রমের মাসিক বুলেটিন,মার্চ ২০১৭ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ

সংলাপ এনিমেটরদের মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

২০১৭ সালের জানুয়ারী মাস হতে শুরু হয়েছে ১২টি কিশোরী সংলাপ কেন্দ্র। সিডস কর্মএলাকার তিনটি উপজেলার বারটি ইউনিয়নে এই সংলাপ কেন্দ্র গুলো চলছে। ১২জন এনিমেটরের মধ্যে ০৯ জন এনিমেটর নতুন এবং বাকী ৩ জনের সংলাপ পরিচালনার উপর অভিজ্ঞতা রয়েছে। নতুন নয় জন এনিমেটরকে পাচঁ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে ছিলেন প্রকল্প ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম, ঝুম্পা দত্ত এবং জাহেদা বেগম। পাচঁ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণে যে সকল বিষয়ে আলোচনা করা হয়েছে তা নিম্নরুপ:

১. পি,আর,এ টুলস
২. সংলাপ পরিচালনার ধাপ সমূহ
৩. অংশগ্রহণমূলক বিভিন্ন পদ্ধতি
৪. সিডস কার্যক্রম সম্পর্কে ধারনা
৫. এনিমটেরদের মাধ্যমে সেশন পরিচালনা
৬. এস,এস,টি এবং কমিউনিটিকে সংলাপ কার্যক্রমের সাথে যুক্ত করার কৌশল।

মৌলিক প্রশিক্ষণ শেষে সকল এনিমেটর নিজ নিজ কর্মক্ষেত্রে ফিরে গিয়ে ভাল ভাবে সংলাপ পরিচালনা করার অঙ্গিকার ব্যাক্ত করেন।

ওয়ার্ড কমিটি, এসআরজি,সংলাপ এবং সংলাপ-২ এর নেতৃত্বে আর্ন্তজাতিক নারী দিবস-২০১৭ উদ্‌যাপন করা হয়েছে।

ওয়ার্ড কমিটি, এসআরজি,সংলাপ এবং সংলাপ-২ এর যৌথ উদ্যোগে সিডস কর্মএলাকার তিনটি উপজেলায় পালিত হয়েছে আর্ন্তজাতিক নারী দিবস। ইউনিয়ন পরিষদের হলরুমে এই দিবসটি উদ্‌যাপন করা হয়েছে। উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সদস্য গণ এবং বিভিন্ন শ্রদ্ধাভাজন ব্যাক্তিবর্গ। তিনটি উপজেলায় এই অনুষ্ঠানটি পরিচালনা করেন স্থানীয় ওয়ার্ড কমিটির সভাপতি এবং সংলাপ ফোরামের পিয়ার সহায়কগণ। সভার শুরুতে পিয়ার সহায়কেরা উক্ত দিবস পালনের গুরুত্ব এবং তাৎপর্য সমূহ তোলে ধরেন। সভায় বক্তারা নারীদের সামাজিক কাজে অংশগ্রহন বৃদ্ধির কথাটি তুলে ধরেন। পরিবার,সামজ এবং রাষ্ট্রে নারীদের আরো বেশী অংশগ্রহন বাড়ানোর বিষয়ে বক্তারা আহবান জানান। ইউনিয়ন পরিষদের মহিলা মেম্বারেরা এসআরজি, সংলাপ এবং সংলাপ ফোরামের কাজে অংশগ্রহন এবং সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন।

শিলখালী ব্রিজ স্কুলের শিক্ষাথীরা আনন্দের মধ্য দিয়েই সব কিছু শিখছে

পেকুয়া উপজেলার একটি দূরবর্তী ইউনিয়ন হল উজানটিয়া ইউনিয়ন। উজানটিয়া ইউনিয়নে শিক্ষার হার কম। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দূরত্ব ও খুব বেশী। যাতায়াত ব্যবস্থা খুবই নাজুক। এই পিছিয়ে পড়া ইউনিয়নে কাজ করছে কোস্ট ট্রাস্ট সিডস প্রকল্পের মাধ্যমে। এই ইউনিয়নে রয়েছে সংলাপ,সংলাপ-২, কোয়ালিটি স্কুল এবং এস,আর,জি দল, মক্তব ভিত্তিক প্রাক-প্রাথমিক শিশু বিকাশ কেন্দ্র এবং ব্রিজ স্কুল কার্যক্রম। ২য় এবং ৩য় শ্রেণী থেকে ঝরে পড়া শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে ব্রিজ স্কুল কার্যক্রম। প্রথম চার মাস জিরো প্যাকেজের আলোচনা এবং পরবর্তী আট মাস স্ব স্ব শ্রেণীর বিষয়ে পাঠ দান করানোর মধ্য দিয়ে ভর্তি করিয়ে দেওয়া হবে মূল ধারার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। উজানটিয়া ব্রিজ স্কুলের শিক্ষার্থীরা প্রতিদিন জাতীয় সঙ্গীত,শরীর চর্চা এবং শপথ পাঠের মধ্য দিয়ে তারা তাদের দৈনন্দিন কার্যক্রম শুরু করে । তারা পড়াশোনার ফাঁকে ফাঁকে দেশাত্মবোধক গান, নাটক এবং নাচ করে থাকে। পড়াশোনার প্রতি কোন বাধ্যবাধকতা নেই। বিনোদনের ফাঁকে আনন্দের মধ্য দিয়ে তারা তাদের পড়াশোনা চালিয়ে যায়। তারা প্রত্যেকে স্বপ্ন দেখছে পুণঃরায় স্কুলে ফিরে যাওয়ার।

শিক্ষা সেবাদানকারীদের দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে:

কমিউনিটি,এস,আরজি, সংলাপ, সংলাপ-২ এবং কোয়ালিটি স্কুলের পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে সহযোগীতা করার জন্য কমিউনিটির মধ্য হতে তৈরী করা হয়েছে শিক্ষা সেবাদানকারী বা কমিউনিটি সার্ভিস প্রোভাইডার-শিক্ষা। সিডস কর্মএলাকার তিনটি উপজেলার বারটি ইউনিয়নে ২১ জন শিক্ষা সেবাদানকারী একযোগে কাজ করে যাচ্ছে ১লা মার্চ হতে। স্কুল থেকে ঝড়ে পড়া শিক্ষার্থী, অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থী এবং গরীব মেধাবী শিক্ষার্থী যারা টিউশান সাপোর্ট হতে বঞ্চিত তাদেরকে স্কুল শুরু হওয়ার আগে কিংবা পরে দুই ঘন্টা ব্যাপী সাপোর্ট দেওয়া হচ্ছে। শিক্ষার্থী বাছাই করার ক্ষেত্রে স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং এসআরজি দলের সাথে শেয়ার করা হয়েছে। মার্চ মাসে তিনটি উপজেলায় শিক্ষা সেবাদানকারীদের নিয়ে দ্বিমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সমন্বয় সভায় তাদের দায়িত্ব এবং কর্তব্য নিয়ে আলোচনা করা হয়েছে। তাদেরকে সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং উপজেলা শিক্ষা অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য অনুরোধ করা হয়েছে। ইতিপূর্বে শিক্ষা সেবাদানকারীদেরকে মৌলিক প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

কমিউনিটি সার্বিস প্রোবাইডার এসোসিয়েশানের দ্বিমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে

সিডস কর্মএলাকার তিনটি উপজেলার বারটি ইউনিয়নে ২৪ জন জন কৃষি এবং ২৪ জন প্রাণিসম্পদ বিষয়ক সেবাদানকারী রয়েছেন। এরা মুলত এসআরজি দলের সদস্যদের এবং কমিউনিটির লোকদেরকে কৃষি এবং লাইভস্টক বিষয়ে সহযোগীতা এবং পরামর্শ দিয়ে থাকেন। কমিউনিটি সার্ভিস প্রোভাইডার-লাইভস্টক প্রতিমাসে কমিউনিটির মাঝে ভ্যাকসিন ক্যাম্প করে থাকেন। তারা নিজেরা একটি প্লাটফর্মে এবং ইউনিটির মধ্যে থাকার জন্য তারা নিজেরা গঠন করেছেন উপজেলা সার্ভিস প্রোবাইডার এসোসিয়েশান। প্রতি দুই মাস পর পর তারা নিজেরা মিলিত হন সিডস উপজেলা অফিসে সভা করেন। সভায় তারা তাদের সমাস্যা গুলো নিজেরা চিহ্নিত করেন এবং সমাধানের জন্য সবার পরামর্শ গ্রহন করেন। সবাই মিলে তারা উপজেলা কৃষি অফিসার এবং লাইভস্টক অফিসারের সাথে দেখা করেন এবং তারা তাদের সমাস্যা সমূহ আলোচনা করেন। এসোসিয়েশান গঠন হওয়ার পরে তাদের নিজেদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি পেয়েছে এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে। একতায় শক্তি এই কথাকে ধারন করে তারা কমিউনিটিকে একযোগে সহযোগীতা দিয়ে যাচ্ছেন।

সিডস প্রকল্পের ফোকাল পার্সনের ফিল্ড ভিজিট

এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহকর্মীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগীতা করেছেন।

সিডস প্রোগ্রাম, কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র।
ফোন: ০৩৪১-৬৩১৮৬, ফ্যাক্স: ০৩৪১-৬৩১৮৯, মোবাইলঃ ০১৭১৩-৩২৮৮২৭।
ই-মেইল:

web: www.coastbd.net